


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন  
ঢাকাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১-২৫৯

তারিখঃ ২৫/০১/২০২৩খ্রিঃ

বিষয়ঃ মনিরামপুর, যশোর উপজেলায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নিজ উপজেলা হওয়ায় উক্ত উপজেলায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে মন্ত্রণালয় হতে নিয়মিতভাবে তদারকি করা হয়। তদুপরি লক্ষ্য করা যাচ্ছে উক্ত উপজেলায় কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ আশংকাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। এছাড়া উক্ত উপজেলায় কর্মরত ইরেসপো কর্মসূচির এআরডিও নিয়মিতভাবে কর্মস্থলে অবস্থান না করাসহ প্রায়শঃই বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। তার দায়িত্বে অবহেলার জন্য উক্ত উপজেলায় কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ ঋণ বৃদ্ধি পাচ্ছে মর্মে কর্তৃপক্ষের নিকট পরিলক্ষিত হয়েছে। তাই উক্ত উপজেলায় কার্যক্রম গতিশীল করার স্বার্থে বর্ণিত বিষয়সমূহ সরেজমিনে যাচাই করে আপনার সুচিন্তিত মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক

উপপরিচালক  
বিআরডিবি,  
জেলা: যশোর

**অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. এআরডিও/হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: মনিরামপুর, জেলা: যশোর।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: মনিরামপুর, জেলা: যশোর।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় অবগতির জন্যঃ**

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।